# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৭৭

১৪/ ক্রয় বিক্রয় (كتاب البيوع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ নর পশুর প্রজননের বিনিময়ে গ্রহণ হারাম।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ عَسْبِ الْفَحْلِ

আরবী

حَدَّثَنَا عَبْدَةُ بْنُ عَبْدِ اللَّهِ الْخُزَاعِيُّ الْبَصْرِيُّ، حَدَّثَنَا يَحْيَى بْنُ آدَمَ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ حُمَيْدٍ الرُّؤَاسِيِّ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، أَنَّ رَجُلاً، مِنْ كِلاَبٍ سَأَلَ النَّبِيَّ صلى الله عليه وسلم عَنْ عَسْبِ الْفَحْلِ فَنَهَاهُ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّا نُطْرِقُ الْفَحْلَ فَنُكْرَمُ . فَرَخَّصَ لَهُ فِي الْكَرَامَةِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ إِبْرَاهِيمَ بْنِ حُمَيْدٍ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ .

বাংলা

১২৭৭. আবদা ইবনু আবদুল্লাহ্ খুযাঈ বাসরী (রহঃ) ..... আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, কিলাব গোত্রের জনৈক ব্যক্তি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে পুং (পুরুষ) পশুর প্রজননের বিনিময় গ্রহণ সম্পর্কে জিজ্ঞাসা করেছিল। তখন তিনি তা নিষেধ করে দেন। সে বলল, ইয়া রাসূলাল্লাহ্! আমরা পুং (পুরুষ) পশুর প্রজননের বিনিময়ে হাদীয়া হিসাবে (অনেক সময়) সম্মানী নেই। তখন তিনি সম্মানী গ্রহণের অনুমতি দেন। - মিশকাত- তাহকিক ছানী ২৮৬৬, তিরমিজী হাদিস নম্বরঃ ১২৭৪ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এ হাদীসটি হাসান-গারীব। ইবরাহীম ইবনু হুমায়দ-হিশাম ইবনু উরওয়া (রহঃ) সূত্র ছাড়া এটি সম্পর্কে আমরা কিছু জানি না।

## English

Narrated Anas bin Malik:

"A man from (the tribe of) Kilab asked the Messenger of Allah (ﷺ) about studding a stallion and he prohibited it. So he said: 'O Messenger of Allah! We stud the stallions so that we get honorarium (from the owners of the female horse)!' So he permitted it for honorarium."

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Gharib, we do not know of it except as a narration of Ibrahim bin Humaid, from Hisham bin 'Urwah.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ￼ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21695

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন